

প্রথম আলো

রোববার, ২৭ অক্টোবর ২০১৯, ১১ কার্তিক ১৪২৬

গাজীপুর

কর্মশালা অনুষ্ঠিত

গাজীপুর কৃষি গবেষণা ইনস্টিটিউট, ধান গবেষণা ইনস্টিটিউট ও পিকেএসএফের মধ্যে সমঝোতা স্মারক প্রদান পর্যালোচনা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. নাসিরুজ্জামান। কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক আবুল কালাম আজাদের সভাপতিত্বে এই কর্মশালা বারির সেমিনারকক্ষে অনুষ্ঠিত হয়। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন পিকেএসএফের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক মোহাম্মদ শাহজাহান কবির। কর্মশালায় বারির বিভিন্ন বিভাগের প্রধান উর্ধ্বতন কর্মকর্তা এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও পিকেএসএফের প্রতিনিধিরা অংশ নেন।
প্রতিনিধি, গাজীপুর

দৈনিক জনকণ্ঠ

ঢাকা ॥ রবিবার

১১ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ

২৭ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

দেশে বিষমুক্ত সবজির চাহিদা তৈরি হয়েছে ॥ সচিব

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ কৃষি মন্ত্রণালয়ের সচিব মোঃ নাসিরুজ্জামান বলেছেন, দেশে এখন নিরাপদ বা বিষমুক্ত সবজির চাহিদা তৈরি হয়েছে। তাই প্রতিটি জেলার যে কোন বাজারে বা স্থানে অন্তত একটি নিরাপদ বা বিষমুক্ত সবজির দোকান থাকতে হবে। যেখানে বিষমুক্ত সবজি পাওয়া যায়। নিরাপদ সবজির সার্টিফিকেট আমরা দেব। এতে কৃষকের পাশাপাশি সাধারণ মানুষও লাভবান হবে। তিনি শনিবার গাজীপুরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) সেমিনার কক্ষে অনুষ্ঠিত 'বারি-ব্রি-ডিএই-পিকেএসএফ সমঝোতা স্মারক পর্যালোচনা' শীর্ষক কর্মশালায় এসব কথা বলেন। আরও বক্তব্য রাখেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের (পিকেএসএফ) ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ, বারির মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ, কৃষি সম্প্রসারণ অধিদফতর (ডিএই)-এর মহাপরিচালক (রুটিন দায়িত্ব) চণ্ডী দাস কুন্ডু, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)-এর মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর প্রমুখ।

‘প্রতি জেলায় থাকতে হবে বিষমুক্ত সবজি কনার’

নিজস্ব প্রতিবেদক, গাজীপুর ▷
কৃষি মন্ত্রণালয়ের সচিব মো.
নাসিরুজ্জামান বলেছেন, ‘প্রতিটি
জেলায় অন্তত একটি নিরাপদ বা
বিষমুক্ত সবজির দোকান থাকতে
হবে। নিরাপদ সবজির
সার্টিফিকেট আমরা দেব।
অনেক জেলায় এরই মধ্যে
বিষমুক্ত সবজির বাজার তৈরি
হয়েছে। এতে কৃষকের
পাশাপাশি সাধারণ মানুষও
লাভবান হবে। মন্ত্রণালয়ের
মাধ্যমে ঢাকায় একটি বিষমুক্ত
সবজির বাজার স্থাপনের চিন্তা
করা হচ্ছে।’ গতকাল শনিবার
বাংলাদেশ কৃষি গবেষণা
ইনস্টিটিউটের (বারি) সেমিনার
কক্ষে ‘বারি-ডিএই-পিকেএসএফ
সমঝোতা স্মারক পর্যালোচনা’
শীর্ষক কর্মশালায় প্রধান
অতিথির বক্তব্যে সচিব এসব
কথা বলেন। কর্মশালায় পল্লী
কর্ম-সহায়ক ফাউন্ডেশনের
(পিকেএসএফ) ব্যবস্থাপনা
পরিচালক মোহাম্মদ মঈনউদ্দীন
আবদুল্লাহ, বারির মহাপরিচালক
ড. আবুল কালাম আজাদ, কৃষি
সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই)
রুটিন দায়িত্বে থাকা
মহাপরিচালক চণ্ডী দাস কুণ্ডু,
বাংলাদেশ ধান গবেষণা
ইনস্টিটিউটের মহাপরিচালক ড.
মো. শাহজাহান কবীর প্রমুখ
বক্তব্য দেন।

